# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫০৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫০৫]

পর্ব-১৭: ইস্তিস্কা (বৃষ্টির জন্যে দু'আ করা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ১: ইমাম কখন বৃষ্টি প্রার্থনা করবেন?

## باب مَتَى يَسْتَسْقِي الإِمَامُ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، عَنْ مَالِكٍ، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي نَمِرٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، هَلَكَتِ الْمَوَاشِي وَانْقَطَعَتِ السُّبُلُ فَادْعُ اللَّهَ عَزَّ وَجَلَّ، فَدَعَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَمُطِرْنَا مِنَ الْجُمُعَةِ إِلَى الْجُمُعَةِ، فَجَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، تَهَدَّمَتِ الْبُيُوتُ وَانْقَطَعَتِ السُّبُلُ وَهَلَكَتِ الْمَوَاشِي، فَقَالَ: اللَّهُمَّ عَلَى رُءُوسِ الْجِبَالِ وَالآكَامِ وَبُطُونِ الأَوْدِيَةِ وَمَنَابِتِ الشَّجَرِ، فَانْجَابَتْ عَنِ الْمَدِينَةِ انْجِيَابَ الثَّوْبِ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الاستسقاء ٦ (١٠١٣)، ٧ (١٠١٤)، ٩ (١٠١٦)، ١٠ (١٠١٧)، ١٢ (١٠١٩)، صحيح مسلم/الإستسقاء ٢ (٨٩٧)، سنن ابى داود/الصلاة ٢٦٠ (١١٧٥)، (تحفة الأشراف: ٩٠٦)، موطا امام مالك/الإستسقاء ٢ (٣)، مسند احمد ٣/٤ ١٠، ١٨٢، ١٩٤، ٢٤٥، ٢٦١، ٢٧١ ويأتى عند المؤلف بأرقام: ١٥١٦، ١٥١٩ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1505 ـ حسن صحيح

বাংলা

১৫০৪. কুতায়বাহ্ ইবনু সাঈদ (রহ.) ..... আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি

রসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বলল, হে আল্লাহর রসূল! গবাদি পশুগুলো তো দুর্বল হয়ে যাচ্ছে এবং এ কারণে রাস্তাঘাটও বন্ধ হয়ে যাচ্ছে। অতএব, আল্লাহর নিকট দু'আ করুন। তখন রসূলুল্লাহ (সা.) দু'আ করলেন। ফলে আমাদের ওপর এক জুমু'আর দিন থেকে শুরু করে দ্বিতীয় জুমু'আর দিন পর্যন্ত (অনবরত) বৃষ্টি বর্ষিত হতে লাগল। এক ব্যক্তি রসূলুল্লাহ (সা.) -এর কাছে এসে বলল, হে আল্লাহর রসূল! বাড়ি-ঘর তো ধীরে ধীরে বিধ্বস্ত হয়ে যাচ্ছে। আর রাস্তাঘাটও বন্ধ হয়ে যাচ্ছে এবং গবাদি পশুগুলোও অকর্মণ্য হয়ে যাচ্ছে। তখন তিনি বললেন- “আল্ল-হুম্মা ‘আলা- রুউসিল জিবা-লি ওয়াল আ-কা-মি ওয়া বুতূনিল আওদিয়াতি ওয়া মানা-বিতিশ শাজার” (হে আল্লাহ! [আপনি এ বৃষ্টি] পাহাড় ও টিলার চূড়ায় চূড়ায় উপত্যকার মাঝে মাঝে এবং গাছ-পালার গোড়ায় গোড়ায় [বর্ষণ করুন]। তখন মদীনার আকাশ হতে মেঘ এমনিভাবে সরে গেল যেমনিভাবে পরিধানকারীর শরীর থেকে বস্ত্র খুলে যায়।

## English

When should the imam pray for rain

It was narrated that Anas bin Malik said: A man came to the Messenger of Allah (ﷺ) and said: 'O Messenger of Allah, the livestock have died and the routes have been cut off; pray to Allah (SWT), the Mighty and Sublime.' So the Messenger of Allah (ﷺ) prayed to Allah (SWT) and it rained from that Friday until the next. Then a man came to the Messenger of Allah (ﷺ) and said: 'The houses have been destroyed, the routes have been cut off and the livestock have died.' He said: 'O Allah, on the tops of the mountains and hills, in the bottom of the valleys and where the trees grow.' So (the rain) was lifted from Al-Madinah like a garment being removed.

## ফুটনোট

সহীহঃ বুখারী ১০১৩, ১০১৯; মুসলিম ৮৯৭, সহীহ আবু দাউদ ১০১৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন